



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
রাজস্ব শাখা
www.coxsazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.২০.২২০০.১২৮.১৫.০০৮.২০২৬- ২৪৯৮

তারিখ ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ


বিষয়: ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ের অনাপত্তি।

উপর্যুক্ত বিষয়ে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তফসিলে উল্লিখিত ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

ক্রমিক নং	বিক্রেতার নাম ও ঠিকানা	ক্রেতার নাম ও ঠিকানা	মৌজা	খতিয়ান নম্বর	দাগ নম্বর	জমির শ্রেণী	জমির পরিমাণ (একরে)
০১	পালং পাবলিক স্কুল এন্ড কলেজ, সোনাইছড়ি, উখিয়া, কক্সবাজার এর পক্ষে প্রতিষ্ঠাতা সভাপতি মুহাম্মদ ছলিম উদ্দিন, পিতা- আলী আহমেদ, সাং- পশ্চিম সোনাইছড়ি, জালিয়া পালং, উখিয়া, কক্সবাজার	১/ জালাল আহমদ, পিতা- মোহাম্মদ তৈয়ব	জালিয়াপালং	৩৬৪৩	২২০৮	নাল	০.১২২৫
		২/ আবদুর রহমান, পিতা- মৃত আবদুস সামাদ সর্বসাং- জালিয়াপালং, উখিয়া, কক্সবাজার ৩/ ইসহাক, পিতা- ফকির মোহাম্মদ, সাং- পালংখালী, হীলা, টেকনাফ, কক্সবাজার			২১০৮	পাউন্ডি	০.০১০৯
সর্বমোট-							০.১৩৩৪

- এ অনাপত্তিপত্র নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে বিক্রেতার কোন মালিকানা, দখলীয় স্বত্ব বা জমির প্রাপ্যতা নির্ধারণ করে না বা মালিকানা স্বত্ব/দখলীয় স্বত্বের সমর্থনে কোন সাক্ষ্য বা প্রমাণ বহন করে না।
- কোন উপযুক্ত আদালত বা কোন আইনানুগ কর্তৃপক্ষের কোন আদেশ/নিষেধ/ক্রোকাদেশ থাকলে এই অনাপত্তিপত্র কার্যকর হবে না।
- ক্রেতাকে কক্সবাজার জেলার জন্য প্রণীত মাস্টার প্ল্যান এর বিধি নিষেধ/ল্যান্ড জোনিং ক্রয় নির্দেশনা মেনে চলতে হবে।
- ক্রেতা/বিক্রেতা কোন ক্ষেত্রেই জমির শ্রেণি বা প্রকৃতি পরিবর্তন করতে পারবে না।
- তফসিলে বর্ণিত সম্পত্তি শুধুমাত্র মাস্টার প্ল্যান এ নির্দেশিত উদ্দেশ্য ব্যতীত ভিন্ন কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ইমারত নির্মাণ আইন বা কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- বর্ণিত তফসিলের জমিতে জনস্বার্থ বিঘ্নিত হয় এমন কার্যক্রম গ্রহণ করা থেকে অবশ্যই বিরত থাকতে হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত হারে সন সন ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে।
- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এবং প্রতিবেশ সংকটাপন্ন এলাকা সংক্রান্ত সকল বিধি বিধান/সরকারি আদেশ/নির্দেশ মেনে চলতে হবে।
- ভূমির শিল্প/বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে এবং কোন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক জমি ক্রয়ের উর্ধ্বসীমা অতিক্রম করলে জমি ক্রয়/নামজারির ক্ষেত্রে বিধি মোতাবেক পৃথকভাবে জেলা প্রশাসকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- এই অনাপত্তির মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। বর্ণিত সময়ের মধ্যে জমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে এ অনুমতি বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় অনাপত্তি নিতে হবে।
- সমুদ্র সীমানার মধ্যে কোন ছাপনা করা যাবে না।
- তফসিলে বর্ণিত জমি কোন ব্যাংক এর নিকট বন্ধক থাকলে এ অনাপত্তিপত্র কার্যকর হবে না।

সাব-রেজিস্ট্রার
উখিয়া, কক্সবাজার।


অনওয়ার হাযেক
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কক্সবাজার
ফোন : ০২৩৩৪৪৬২২২৫